দৈনিক ইনকিলাব

তারিখ JUL 26 1999
পৃষ্ঠা ৩ কলাম ৫

# সেনা কল্যাণ সংস্থার বৃত্তি প্রদানের জন্যে আবেদনপত্র আহবান

বাসস ঃ সেনা কল্যাণ সংস্থা (এসকেএস) বৃত্তি প্রদানের জন্য সশস্ত্র বাহিনীর প্রাক্তন অবসরপ্রাপ্ত ও অব্যাহতিপ্রাপ্ত সদস্যবর্গের ছেলেমেয়েদের কাছ থেকে আবেদনপত্র আহবান করেছে উচ্চ মাধ্যমিক, পলিটেকনিক, পিটিআই, নার্সিং,

হোমিওপ্যাথি, মেরিন ডিপ্লোমা বা অন্যান্য কোর্সের অধ্যয়নরত যেসব ছাত্রছাত্রী কমপক্ষে শতকরা ৪০ ভাগ অথবা তার বেশী নম্বর পেয়েছে তারাই কেবল ১৯৯৯-২০০০ শিক্ষাবর্ষের বৃত্তি পাওয়ার জন্য আবেদন করতে পারবে।

আইএসপিআর-এর এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, সকল পর্যায়ে একই পরিবারের দু'জনের বেশী সদস্য একই সাথে এসকেএস এই বৃত্তির জন্য আবেদন করতে পারবে না। পিতার অবসর গ্রহণের পর জন্ম নেয়া কোন ছেলেমেয়ে এই বৃত্তির জন্য আবেদন করতে পারবে না।

সকল জেলায় আর্মড সার্ভিসেস বোর্ড ও সেনা কল্যাণ সংস্থার প্রধান কার্যালয় সেনা কল্যাণ ভবন, ১৯৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০-এ পেনসন ব ডিসচার্জ সনদপত্র দেখিয়ে আবেদনের নির্ধারিত ফরম পাওয়া যাবে।

আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে জেলা আর্মড সার্ভিসেস বোর্ডে জমা দেয়ার শেষ তারিখ হচ্ছে ২০ ডিসেম্বর, ১৯৯৯। নবায়নের জন্য বৃত্তিপ্রাপ্তদের তাদের উত্তীর্ণ হওয়ার রিপোর্ট অথবা মার্কশীট স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানের স্বাক্ষর করিয়ে ৩১ ডিসেম্বরের মধ্যে সেনা কল্যাণ সংস্থার প্রধান কার্যালয়ে জমা দিতে হবে।

এ সকল কাগজপত্রে বৃত্তিপ্রাপ্ত ছাত্রছাত্রীর বৃত্তি প্রাপ্তির নম্বর, পিতার নাম ও চাকরির নম্বর, পদমর্যাদার মত চাকরির বিবরণ অবশ্যই থাকতে হবে।